

হোস্টেল ও ডাইনিং চার্জ বৃদ্ধির প্রতিবাদ

বরিশাল সরকারি মহিলা কলেজে বিক্ষোভ

অব্যাহত, ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

বরিশাল প্রতিনিধি : হোস্টেল ও ডাইনিং চার্জ বৃদ্ধিকে কেন্দ্র করে বরিশাল সরকারি মহিলা কলেজে আবাসিক ছাত্রী বিক্ষোভজনিত অচলাবস্থা গতকাল শনিবারও অব্যাহত ছিল। আবাসিক ছাত্রীরা গতকাল জেলা প্রশাসকের কাছে স্মারকসিপি পেশ করেছে। ছাত্রীদের সঙ্গে সমঝোতায় পৌঁছানো কলেজ কর্তৃপক্ষ ৪ শিক্ষককে দায়িত্ব দিয়েছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন রয়েছে।



বরিশাল সরকারি মহিলা কলেজের আন্দোলনরত ছাত্রীরা গতকাল কর্তৃপক্ষের নির্দেশে হুল ড্যাগ করে

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সরকারি মহিলা কলেজের আবাসিক ছাত্রীদের দাবি-মাওয়া ও তাদের আন্দোলন সম্পর্কে কলেজ কর্তৃপক্ষ গতকাল শনিবার অভিভাবকদের নিয়ে বৈঠক করে। কিন্তু এর কোনো স্থায়ী সমাধানে তারা পৌঁছাতে পারেনি। তবে কলেজ কর্তৃপক্ষ আবাসিক ছাত্রীদের সঙ্গে সমঝোতায় পৌঁছানো কলেজের ৪ জন শিক্ষককে দায়িত্ব দিয়েছে। এরা হলেন সমাজকল্যাণ বিভাগের অধ্যাপক বন্দে আলী, ইংরেজি অধ্যাপক মোস্তাফিজুর রহমান, কলেজ শিক্ষক, সর্বিতির সম্পাদক ও ইসলামী শিক্ষার অধ্যাপক এ কে এম সুলতান এবং বাংলার অধ্যাপক সিক্কুর রহমান।

বরিশাল সরকারি মহিলা কলেজের আন্দোলনরত ছাত্রীরা গতকাল কর্তৃপক্ষের নির্দেশে হুল ড্যাগ করে অধীকার করে বলেছেন, কলেজ বোন্দা রয়েছে, ক্লাস ও পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হয়েছে। আন্দোলনে পুঙ্খলা ভঙ্গকারী আবাসিক ছাত্রীদের ব্যাপারে তাদের অভিভাবকদের অবহিত করে কলেজের একাডেমিক কাউন্সিল এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। দুর্ব্যবহার এবং ছাত্রীদের চাপ দিয়ে খাদ্য গ্রহণ সম্বন্ধে করা প্রসঙ্গে সকল অভিযোগ অধ্যক্ষ অধীকার করেন।

এদিকে এইচএসসি পরীক্ষা ও গ্রীষ্মকালীন ছুটির পর গতকাল শনিবার মহিলা কলেজ বুলেছে। অনাবাসিক ছাত্রীরা ক্লাসে যোগ দিয়েছে। রওশন জাহান ছাত্রী নিবাসের কয়েকজন আবাসিক ছাত্রী জানায়, ডাইনিং হল ডালাবন্ধ করে অনশন ধর্মঘট শুরু করা ছাত্রীদের মধ্যে অনেক ছাত্রীকে ব্যবহারিক পরীক্ষায় নম্বর দেওয়ার বিষয়ে চাপ দিয়ে তাদেরকে খাদ্য গ্রহণে সম্মত করা হয়। সরকারি মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থিনী এবং নতুন ভর্তি হওয়া আবাসিক ছাত্রীরা ছাড়া অন্য আবাসিক ছাত্রীদের শনিবার বিকালের মধ্যে ছাত্রী নিবাস ত্যাগের নির্দেশ দেওয়ার পর কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১৩ জন আবাসিক ছাত্রীকে তাদের অভিভাবকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

সরকারি মহিলা কলেজের রওশন জাহান ছাত্রী নিবাসের আবাসিক ৪৬৫ জন ছাত্রীর মধ্যে ৯৩ জন ছাত্রীর যাকরিত স্মারকসিপি গতকাল শনিবার জেলা প্রশাসক শওকত নবীর কাছে পেশ করেছে আন্দোলনরত ছাত্রীরা। স্মারকসিপিতে তারা দাবি করে বলেছে, হোস্টেল চার্জ ১ হাজার ৩৭০ থেকে ১ হাজার ৬৭০ টাকা এবং ডাইনিং চার্জ ২২-২৫ টাকা প্রদানে তারা অপরাগ। তাই পূর্ববছার সকল ধরনের চার্জ বহাল রাখার দাবি করে তারা। এছাড়া তাদের কারো কারো ফিন্ড ওয়ার্ক, পরীক্ষা চলার কারণে হুল ড্যাগ না করারও দাবি জানান স্মারকসিপিতে। এ ব্যাপারে জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেছে ছাত্রীরা।

বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত কলেজ ও ছাত্রী নিবাস বন্ধ ঘোষণার খবর কলেজ অধ্যক্ষ প্রফেসর ওলশান আরা কোম